



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং-১২.০৬.০০০০.২০৯.০৬.০০১.১৮.১২৪

তারিখ: ০৫ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ।
২০ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ বিএডিসি'র উইং ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে অনুষ্ঠিত ৩৮ তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সকল উইং ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে ৩৮তম মাসিক সমন্বয় সভা বিগত ১৩ আগস্ট ২০১৮ তারিখ অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. সভার কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (পেঙ্গিৎ চিঠিপত্র নিষ্পত্তিকরণ ছকসহ) আগামী ০৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখের মধ্যে সমন্বয় বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

মোঃ শাহিন মিয়া

উপসচিব (অঃ দাঃ)

সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৮১১৫।

e-mail: ds_coordination@badc.gov.bd

কার্যালয়ে বিতরণ (জ্যোতির ক্রমানুসারে নয়):

০১. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত), বিএডিসি, ঢাকা।
০২. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৩. প্রধান (পরিকল্পনা/ মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৪. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৫. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কংগোঃ/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৬. যুগ্মসচিব (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
০৭. যুগ্মপরিচালক (ডাল ও তৈল বীজ/সবজি বীজ), বিএডিসি, ঢাকা।
০৮. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৯. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১০. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশ্র), বিএডিসি, ঢাকা।
১১. উপসচিব (আইন), বিএডিসি, ঢাকা।
১২. প্রধান সমন্বয়কারী, বিএডিসি গবেষণা সেল, মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর, বিএডিসি, ঢাকা।
১৩. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য অনুলিপি:

০১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
০২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান/অর্থ/ক্ষুদ্রসেচ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৩. সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৪. অফিস কপি।



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমষ্টি বিভাগ

www.badc.gov.bd

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের উইং ও বিভাগীয় প্রধানদের সমষ্টিয়ে অনুষ্ঠিত ৩৮ তম মাসিক সমষ্টি সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ নাসিরুজ্জামান, চেয়ারম্যান, বিএডিসি।

তারিখ ও সময় : ১৩ আগস্ট ২০১৮ হিস্টার্ড; সকাল ১০:০০ ঘটিকা।

স্থান : সংস্থার সম্মেলন কক্ষ।

উপস্থিতি : পরিশিষ্ট - ক।

উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ শাহিন মিয়া, উপসচিব (সমষ্টি) বিগত ১৬ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৩৭ তম মাসিক সমষ্টি সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার জন্য উপস্থাপন করেন। উপস্থাপিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। উপসচিব (সমষ্টি) বিগত ১৬ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৩৭ তম মাসিক সমষ্টি সভায় গৃহীত সিকান্দ সমূহের বাস্তবায়ন অঙ্গতি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিকান্দ	বাস্তবায়নকারী বিভাগ।
০১.	সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ সংক্রান্ত।	সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে সভাকে অবহিত করা হয়, সংস্থাপন অফিসার ০২টি, সাধারণ পরিচর্যা অফিসার ০২টি, সহকারী হিসাব নিয়ন্ত্রক ০৪ টি, সহকারী প্রকৌশলী ২১টি, উপসহকারী প্রকৌশলী ৫১ টি পদের মৌখিক পরিকল্পনা গত ২৮ জুলাই ২০১৮ তারিখ হতে ০৪ আগস্ট ২০১৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হয়েছে। অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে ৪১০টি পদের নিয়োগের লিখিত পরিকল্পনা ফলাফল প্রকাশ করা হয়েছে। শীঘ্ৰই মৌখিক পরিকল্পনা গ্রহণ করা হবে। সহকারী হিসাবব্রক্ষণ কর্মকর্তার ৬৩টি, সহকারী হিসাব নিরীক্ষণ কর্মকর্তার ১৬টি এবং সহকারী মেকানিকের ১২৩টি শূন্যপদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের ছাড়পত্র প্রদানের জন্য কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। রাজস্ব বাজেটভুক্ত গাড়ী চালক ২৪টি, ট্রাক ড্রাইভার ৩০টি, স্প্রিড বোট ড্রাইভার ০২ টি, ট্রাস্ট ড্রাইভার ২৭টি মোট ৮৩টি পদে নিয়োগের ক্ষেত্রে আদালতে রিট মামলা রয়েছে এবং আদালত উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছেন। চতুর্থ শ্রেণির পিয়ন পদে ২০১ টি এবং দারোয়ান/গার্ড পদে ২৩০টি সহ মোট ৪৩১টি পদে নিয়োগের ক্ষেত্রে আদালতে রিট মামলা রয়েছে এবং আদালত উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছেন। এছাড়া আদালতের নিষেধাজ্ঞার কারণে সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)	ক. বিএডিসি'র শূন্য পদের বিপরীতে চলমান সকল নিয়োগ প্রক্রিয়া প্রযোজ্য ক্ষেত্রে আদালতের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক দুটি সম্পন্ন করতে হবে। খ. সংস্থাপন অফিসার ০২টি, সাধারণ পরিচর্যা অফিসার ০২টি, সহকারী হিসাব নিয়ন্ত্রক ০৪ টি, সহকারী প্রকৌশলী ২১টি, উপসহকারী প্রকৌশলী ৫১টি, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর ৪১০টি পদে নিয়োগ প্রক্রিয়া দুটি সম্পন্ন করতে হবে। গ. ক্ষুদ্রসেচ উইং এর সহকারী মেকানিক, মেকানিক ও অন্যান্য কারিগরি শূন্য পদে নিয়োগের নিমিত্ত যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। ঘ. পদোন্তি, অবসরজনিত কিংবা অন্য কোন কারণে পদ শূন্য হলে শূন্য পদ পূরণে বিধিগতভাবে দুটি সময়ে কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে হবে।	নিয়োগ ও কল্যাণ বিভাগ, আইন বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
		এর ২টি পদে নিয়োগ স্থগিত রাখা হয়েছে। সভাপতি সহকারী মেকানিক, মেকানিক ও অন্যান্য কারিগরি শূন্য পদসহ সকল শূন্য পদ পূরণের নিমিত্ত যথাযথ কার্যক্রম গ্রহণ এর জন্য নিয়োগ ও কল্যাণ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।		
০২.	পেন্ডিং চিটিপত্র নিষ্পত্তিকরণ সংক্রান্ত।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনাকালে বিভিন্ন বিভাগ হতে সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রণালয় ও বিভিন্ন দপ্তরে যথাসময়ে পত্রের জবাব প্রেরণ করা হচ্ছে। সভাপতি চিটিপত্রের বিষয়ে সকল বিভাগীয় প্রধানকে অধিকতর তৎপর হওয়ার নির্দেশনা প্রদান করেন। সভাপতি সকল বিভাগীয় প্রধানকে সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর নির্ধারিত ছক মোতাবেক চিটিপত্র নিষ্পত্তিকরণ সংক্রান্ত তথ্য ও বিএডিসি'র যে সমস্ত চিটিপত্র কৃষি মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে সেগুলোর তালিকা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	ক. পেন্ডিং চিটিপত্রের বিষয়ে সকল বিভাগীয় প্রধানকে অধিকতর তৎপর হতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে সকল চিটিপত্রের জবাব মন্ত্রণালয় ও বিভিন্ন বিভাগ/দপ্তরে প্রেরণ করতে হবে। খ. বিএডিসি'র যে সমস্ত চিটিপত্র কৃষি মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে সেগুলোর তালিকা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	সকল বিভাগ।
০৩.	আদালতে বিচারাধীন মামলা সংক্রান্ত	সভায় আইন বিভাগ হতে জানানো হয়, সুপ্রিমকোর্টসহ ঢাকার বিভিন্ন আদালতে বিএডিসি'র ৫৩৭ টি মামলা বিচারাধীন রয়েছে। তন্মধ্যে আপিল বিভাগে বিচারাধীন মামলা ৮০টি, হাইকোর্ট বিভাগে ৩৫৮টি, ঢাকা জেলা জজ ও অধীনস্ত আদালতে ৯৯টি মামলা বিচারাধীন রয়েছে। বিচারাধীন এসব মামলার মধ্যে চাকুরি হতে ষ্টেচাবসর সংক্রান্ত ৫৭টি, অব্যাহতি সংক্রান্ত ৬৪টি, নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত ৫২টি, জমির মালিকানা ও গুদামের দখল সংক্রান্ত ৪৯টি, বিভাগীয় দণ্ডাদেশ চ্যালেঞ্জ সংক্রান্ত ৫৬টি। এছাড়াও ঢাকার বাহিরে বিভিন্ন আদালতে ১৮৭টি মামলা বিচারাধীন রয়েছে। সভাপতি বিএডিসি'র বিচারাধীন মামলাসমূহ দুট নিষ্পত্তির জন্য আইন বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি মাসিক সমন্বয় সভায় আদালতে বিএডিসি'র বিচারাধীন মামলা সংক্রান্ত তথ্য উপস্থাপন করার নির্দেশ প্রদান করেন।	বিএডিসি'র মামলা সংক্রান্ত তথ্যাদি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। আছাড়া, বিএডিসি'র মামলাসমূহ যথাযথভাবে মনিটর করতে হবে। যে সমস্ত মামলার রায়/ডিক্রি সংস্থার বিপক্ষে হয় সেগুলোতে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নিতে হবে। বিএডিসি'র বিচারাধীন মামলাসমূহ দুট নিষ্পত্তির জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	আইন বিভাগ।
০৪.	বিভাগীয় মামলা সংক্রান্ত।	এ বিষয়ে আলোচনাকালে যুগ্মসংটির (সংস্থাপন) সভাকে অবহিত করেন যে, বর্তমানে বিএডিসি'র ৫৬ টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। জুলাই ২০১৮ মাসে ০২ টি বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হয়েছে। সভাপতি বিএডিসি'র বিভাগীয় মামলাসমূহ দুট নিষ্পত্তি করার জন্য সংস্থাপন বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। বিভাগীয় মামলাসমূহ দুট নিষ্পত্তি করার নিমিত্ত তদন্ত প্রতিবেদন যথাসময়ে দাখিল করতে হবে। এ বিষয়ে তদন্তকারী কর্মকর্তাগণকে আরো সচেষ্ট হতে হবে।	সংস্থাপন বিভাগ/তদন্ত বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
০৫.	বিএডিসি'র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ মনিটরিং এর নিমিত্ত কমিটি গঠন করা হয়েছে। মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে। সভাপতি মহোদয় বিএডিসি'র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ প্রতি ০৩ (তিনি) মাস অন্তর মনিটরিং করে চেয়ারম্যান বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে।	সভায় মনিটরিং বিভাগ হতে জানানো হয়, বিএডিসি'র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ মনিটরিং এর নিমিত্ত কমিটি গঠন করা হয়েছে। মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে। সভাপতি মহোদয় বিএডিসি'র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ প্রতি ০৩ (তিনি) মাস অন্তর অন্তর মনিটরিং করে চেয়ারম্যান বরাবর প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ প্রতি ০৩ (তিনি) মাস অন্তর অন্তর মনিটরিং করে চেয়ারম্যান বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে।	মনিটরিং বিভাগ।
০৬.	বিএডিসি'র নথিসমূহ সুবিন্যস্তকরণ এবং পুরাতন নথিসমূহ অপসারণ সংক্রান্ত।	সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে সভায় জানানো হয়, সংস্থার রেকর্ডরুমে রাখিত হিসাব বিভাগ এবং অডিট বিভাগের যথাক্রমে ৩৫১ ও ১৯৯৩ বার্ষিক অপযোজনীয় নথি/রেজিস্টার/গার্ড ফাইল বিনষ্টকরণের প্রস্তাব চেয়ারম্যান মহোদয় কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হয়েছে। উক্ত নথি/রেজিস্টার/গার্ড ফাইলসমূহ আগামী ১১/০৮/২০১৮ রোজ শনিবার ট্রাকে করে কৃষি ভবন থেকে নিয়ে গাবতলী, মিরপুরে অবস্থিত সংস্থার খামারে বিনষ্ট করা হবে। সার ব্যবস্থাপনা বিভাগের সংরক্ষণ ও পরিবহন শাখাকে রেকর্ডরুমে রাখিত নথিসমূহ সুবিন্যস্তকরণ ও শ্রেণীবিন্যাসকরণের কার্যক্রম সম্পন্ন করার জন্য তাগিদপত্র দেয়া হয়েছে। তাছাড়া, নতুন পৌঁছি বিভাগকে শ্রেণীবিন্যাসকরণ কার্যক্রম শুরু করার জন্য পত্র দেয়া হয়েছে। সভাপতি মহোদয় রেকর্ডরুমের শ্রেণীবিন্যাসকৃত নথিসমূহ কমিটি কর্তৃক খংসের নির্দেশনা প্রদান করেন।	ক. বিএডিসি'র কেন্দ্রীয় রেকর্ডরুমের নথিপত্র সংশ্লিষ্ট বিভাগকে সুবিন্যস্ত করতে হবে। খ. রেকর্ডরুমের পুরাতন সুবিন্যস্ত নথিসমূহ কমিটি গঠনপূর্বক খংসের নিমিত্ত যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।	সওব্য বিভাগ, সাধারণ পরিচর্যা বিভাগ/সংশ্লিষ্ট বিভাগ।
০৭.	বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের পি. আর. এল. পরবর্তী আনুতোষিক এবং আনুতোষিক প্রদান করার জন্য নির্দেশনা প্রদান সংক্রান্ত।	অর্থ বিভাগ হতে সভায় জানানো হয়, জুলাই ২০১৮ মাসে ৫৯ জন কর্মকর্তা/কর্মচারীর আনুতোষিক এবং আবেদন পাওয়া গেছে এবং ৬২ জন কর্মকর্তা/কর্মচারীকে আনুতোষিকের মন্ত্রুরি প্রদান করা হয়েছে। সভাপতি মহোদয় বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের পি. আর. এল. পরবর্তী আনুতোষিক দ্রুত প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের পি. আর. এল. পরবর্তী আনুতোষিকের আবেদন, আনুতোষিক মন্ত্রুরি এবং চেক প্রদানের তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। অবসরগ্রাহ্য কর্মকর্তা/কর্মচারীগণ যাতে যথাসময়ে তাদের পাওনাদি পেতে পারে এ সম্পর্কে অর্থ বিভাগ ও হিসাব বিভাগকে আরো সচেষ্ট হতে হবে।	অর্থ বিভাগ, হিসাব বিভাগ।
০৮.	বিএডিসি'র সকল অকেজো ও অচল গাড়ি নিলামে বিক্রি সংক্রান্ত।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, সংস্থার ১৫৬টি অকেজো গাড়ির মধ্যে জুলাই ২০১৮ মাস পর্যন্ত মোট ১৪৮টি গাড়ি নিলামে বিক্রয় করা হয়েছে। অবশিষ্ট ১৮টি গাড়ি নিলামে বিক্রয়ের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি বিএডিসি'র সকল অকেজো ও অচল গাড়ি নিলামে বিক্রি করার নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র সকল অকেজো ও অচল গাড়ি নিলামে বিক্রি করার নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ ও সংশ্লিষ্ট বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিক্ষাত্ত	বাস্তবায়নকারী বিভাগ।
১৯.	বিএডিসি'র ওয়েবসাইট হালনাগাদ সংক্রান্ত।	মনিটরিং বিভাগ হতে সভায় জানানো হয়, আইসিটি সেল কর্তৃক বিএডিসি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। জুলাই ২০১৮ মাসে ৪৩৯টি অফিস আদেশ, পত্র, নোটিশ ও বিজ্ঞাপন আপলোড করা হয়েছে। সভাপতি বিএডিসি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করার জন্য আইসিটি, সেল মনিটরিং বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	আইসিটি সেল, মনিটরিং বিভাগ কর্তৃক বিএডিসি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। সকল বিভাগীয় প্রধানকে আইসিটি সেলের চাহিদাকৃত তথ্য সরবরাহ করতে হবে। বিএডিসি'র ওয়েব সাইটে চিঠিপত্র/তথ্যাদি আপলোডের সংখ্যা বৃদ্ধি করতে হবে।	সকল বিভাগীয় প্রধান/আইসিটি সেল, মনিটরিং বিভাগ।
১০.	কৃষি ভবনে ই-ফাইলিং চালু সংক্রান্ত।	মনিটরিং বিভাগ হতে সভায় জানানো হয়, ই-ফাইলিং প্রশিক্ষণ প্রহণকারী বিভাগ গুলোতে ই-ফাইলিং চালু করা হয়েছে। জুলাই ২০১৮ মাসে ই-ফাইলিং অগ্রগতি হচ্ছে মোট ডাক প্রহণঃ ৫৩০ টি, স্ব উদ্যোগে নেটোঃ ১৪০ টি, ডাক/পত্র হতে সূজিত নেটোঃ ১৩১ টি, পত্র জারির সংখ্যাঃ ১৭৫ টি, মোট নেটো নিষ্পত্তিঃ ২১৫ টি। সভাপতি কৃষি ভবনে ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধি করার নিয়মিত প্রয়োজনীয় সকল কার্যক্রম প্রহণ করার নির্দেশনা প্রদান করেন।	ই-ফাইলিং প্রশিক্ষণ প্রহণকারী বিভাগ গুলোতে ই-ফাইলিং চালু রাখতে হবে। মনিটরিং ও সংস্থাপন বিভাগের নথিসমূহ ই-ফাইলিং এর মাধ্যমে চেয়ারম্যান মহোদয় বরাবর প্রেরণ করতে হবে। ই-ফাইলিং সংক্রান্ত অগ্রগতি সকল বিভাগকে আইসিটি সেলে প্রেরণ করতে হবে।	আইসিটি সেল, মনিটরিং বিভাগ/ সংশ্লিষ্ট বিভাগ।
১১.	নাগরিক সেবায় মেডেটেরি কম্প্লায়েন্স অফ সার্ভিস সংক্রান্ত।	বিভিন্ন বিভাগ হতে সভায় জানানো হয়, নির্ধারিত সময়ের মধ্যে সিটিজেন চার্টার অনুযায়ী বিএডিসি সংশ্লিষ্ট সেবা প্রদান করা হচ্ছে। সভাপতি মহোদয় সিটিজেন চার্টার অনুযায়ী নাগরিকদের নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।	সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা সেবা গ্রহীতাদের প্রদান করতে হবে।	সওয়া বিভাগ, সংশ্লিষ্ট সকল বিভাগ।
১২.	কৃষি ভবনের ছাদের উপর পরিবেশ বাস্তব বাগান সৃজন সংক্রান্ত।	উদ্যান উন্নয়ন বিভাগ হতে সভায় জানানো হয়, ছাদ বাগান বিষয়ে ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। এ পর্যন্ত ছাদ বাগানে ফল গাছ ২১টি, ফুল গাছ ৪২ টি, অন্যান্য গাছ ৭১ টি, পান গাছ ৩৮ টি সহ বর্তমানে ছাদ বাগানে ১৩৭ টি গাছ রয়েছে। সভাপতি এ বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখার জন্য উদ্যান উন্নয়ন বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	কৃষি ভবনের ছাদের উপর পরিবেশ বাস্তব বাগান সৃজন এর নিয়মিত প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উদ্যান বিভাগ।
১৩.	বিএডিসি'র জমি জমা ও স্থাপনাসমূহের inventory প্রণয়ন সংক্রান্ত।	সভায় সাধারণ পরিচর্যা বিভাগ হতে জানানো হয়, সকল উইঁ হতে জমি জমা ও স্থাপনাসমূহের তথ্য পাওয়া গেছে। প্রাপ্ত তথ্য পর্যালোচনাপূর্বক inventory প্রণয়ন এর কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে একটি কমিটি গঠনের প্রস্তাব করা হয়েছে। সভাপতি বিএডিসি'র জমি জমা ও স্থাপনাসমূহের inventory প্রণয়ন এর কাজ দুটি সম্পর্ক করার জন্য সাধারণ পরিচর্যা বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র জমি জমা ও স্থাপনাসমূহের inventory প্রণয়ন এর কাজ দুটি সম্পর্ক করার নিয়মিত দুটি এ সংক্রান্ত একটি কমিটি গঠন করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ।
১৪.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশুতি ও নির্দেশনা	বিভিন্ন বিভাগ হতে সভায় জানানো হয়, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা যথাযথ অনুসরণ ও বাস্তবায়ন এর প্রচেষ্টা অব্যাহত রয়েছে। সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা যথাযথ অনুসরণ ও	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা যথাযথ অনুসরণ ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	সকল বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিকাত	বাস্তবায়নকারী বিভাগ।
	বাস্তবায়ন সংক্রান্ত।	বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহ (বিএডিসি সংশ্লিষ্ট) পরবর্তী সময়ে সভায় উপস্থাপনের জন্য মনিটরিং বিভাগকে নির্দেশনা প্রদান করেন।		
১৫.	বিএডিসি কর্তৃক সৌর প্যানেল স্থাপন সংক্রান্ত।	সভায় নির্মাণ বিভাগ হতে জানানো হয়, বিএডিসি কর্তৃক বিভিন্ন এলাকায় এ পর্যন্ত ১৫ টি সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। কৃষি ভবন, দশমিমা খামার, বারিশাল কেডিসি হিসাগার, ডোমার টিসুকালচার ল্যাব, কাশিমপুর, গাবতলী, পাকুন্দিয়া, মিরপুর, দত্তনগর, মধুপুর, উল্লাপাড়া, তাছাড়া রাবার ড্যাম প্রকল্পের আওতায় নালিতাবাড়ী, বিশ্বন্তরপুর, রাঙ্গুনিয়ায় ২টি। বিএডিসির বিদ্যমান বিভিন্ন অফিস ও স্থাপনাসমূহে নিজস্ব ব্যবস্থাপনায় সৌর প্যানেল স্থাপন করাসহ নতুন প্রকল্প/কর্মসূচির ডিপিপি/পিপিএনবিতে সোলার প্যানেল স্থাপনের সংস্থান রাখার জন্য মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি বিএডিসি কর্তৃক স্থাপিত সৌর প্যানেল এর সংখ্যা ও স্থান মাসিক সময়ে সভায় উপস্থাপনের জন্য নির্মাণ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি কর্তৃক স্থাপিত সৌর প্যানেল এর সংখ্যা ও স্থান মাসিক সময়ে সভায় উপস্থাপন করতে হবে। বিএডিসি কর্তৃক স্থাপনকৃত সৌর প্যানেলের সংখ্যা পর্যায়ক্রমে বৃক্ষি করতে হবে।	নির্মাণ বিভাগ।
১৬.	অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত।	সভায় অডিট বিভাগ হতে জানানো হয়, জুলাই ২০১৮ পর্যন্ত ৮৭৮৫টি অনিষ্পত্তি অডিট আপত্তি রয়েছে। এছাড়া জুলাই ২০১৮ মাসে ০২ টি দ্বিপক্ষীয় সভা ও ০২টি ত্রিপক্ষীয় অনুষ্ঠিত হয়েছে। সভাপতি প্রতিমাসে অডিট আপত্তি ও নিষ্পত্তির তথ্য মাসিক সময়ে সভায় উপস্থাপনের জন্য অডিট বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি ২০০৯ সাল হতে ২০১৮ সাল পর্যন্ত সকল অডিট আপত্তি দুটি নিষ্পত্তির বিষয়ে অধিক গুরুত্ব আরোপসহ সকল অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। গ. দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার কার্যপত্রের তথ্য মাসিক সময়ে সভায় উপস্থাপন করার জন্য অডিট বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার কার্যপত্রের তথ্য মাসিক সময়ে সভায় উপস্থাপন করার জন্য অডিট বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	ক. বিএডিসি'র প্রতিমাসে অডিট আপত্তি, নিষ্পত্তি, দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার তথ্য মাসিক সময়ে সভায় উপস্থাপন করতে হবে। খ. ২০০৯ সাল হতে ২০১৮ সাল পর্যন্ত বিএডিসি'র সকল অডিট আপত্তি দুটি নিষ্পত্তির বিষয়ে অধিক গুরুত্ব আরোপসহ সকল অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। গ. দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার কার্যপত্রের তথ্য সময়ে সভায় উপস্থাপন করতে হবে।	অডিট বিভাগ।
১৭.	বিএডিসি'র সার, বীজ ও শুন্দিসেচ কার্যক্রম সংক্রান্ত।	সভায় বিএডিসি'র চলতি ২০১৮-১৯ অর্থ বছরের কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মহাব্যবস্থাপক (সার) সভায় জানান, চলতি অর্থ বছরে ১১.২৫ লক্ষ মেঃ টন নন-নাইট্রোজেনাস সার আমদানির লক্ষ্যমাত্রা রয়েছে। জুলাই ২০১৮ পর্যন্ত ০০.৫৬ লক্ষ মেঃ টন সার আমদানি করা হয়েছে। উক্ত সময়ে ০০.৫৬ লক্ষ মেঃ টন সার কৃষক পর্যায়ে সরবরাহ করা হয়েছে। মহাব্যবস্থাপক (বীজ) সভায় অবহিত করেন যে, চলতি অর্থ বছরে ১.৪২ লক্ষ মেঃ	ক. চলতি অর্থ বছরে বিএডিসি'র সার, বীজ, উদ্যান জাতীয় ফসল ও শুন্দিসেচ কার্যক্রমের লক্ষ্যমাত্রা এবং অগ্রগতি মাসিক সময়ে সভায় উপস্থাপন করতে হবে। এছাড়া, চলতি অর্থ বছরে বিএডিসি কর্তৃক ভিত্তি, প্রত্যায়িত ও মানঘোষিত বীজ উৎপাদন/সংগ্রহের লক্ষ্যমাত্রা ও অগ্রগতি সময়ে সভায় উপস্থাপন করতে হবে।	মহাব্যবস্থাপক (বীজ/উদ্যান/সার/এএসসি), প্রধান প্রকৌশলী (শুন্দিসেচ/সওকা), অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিভাগ)।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিকান্দ	বাস্তবায়নকারী বিভাগ।	
		টন বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা রয়েছে। মহাব্যবস্থাপক (উদ্যান/এএসসি) সভায় জানান যে, চলতি অর্থ বছরে উদ্যান জাতীয় ফসলের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। প্রধান প্রকৌশলী (কুন্দুসেচ) ও প্রধান প্রকৌশলী (সওকা) সভায় জানান, কুন্দুসেচ প্রকল্প ও কর্মসূচির চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। সভাপতি বিএডিসি'র চলতি অর্থ বছরে বীজ, উদ্যান জাতীয় ফসল, সার ও কুন্দুসেচ কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি চলতি অর্থ বছরে বিএডিসি কর্তৃক ভিত্তি, প্রত্যায়িত ও মানঘোষিত বীজ উৎপাদন/সংগ্রহের লক্ষ্যমাত্রা এবং অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া, ইতিমার ভুট্টার বীজ বিএডিসি'র বিভিন্ন খামারে উৎপাদনের বিষয়ে সম্ভাব্যতা যাচাই এর নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মহাব্যবস্থাপক (বীজ) নির্দেশনা প্রদান করেন।	খ. ইতিমার ভুট্টার বীজ বিএডিসি'র বিভিন্ন খামারে উৎপাদনের বিষয়ে সম্ভাব্যতা যাচাই এর নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।		
১৮.	বিএডিসি'র বিভিন্ন প্রকাশনা সংক্রান্ত।	সভায় বিএডিসি'র বিভিন্ন প্রকাশনা বিষয়ে বিভাগিত আলোচনা করা হয়। জনসংযোগ বিভাগ হতে সভায় জানানো হয়, জনসংযোগ বিভাগের সকল প্রকাশনা যথাসময়ে প্রকাশ করা হচ্ছে। সভাপতি বিএডিসি'র সকল প্রকাশনা যথাসময়ে প্রকাশের জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র সকল প্রকাশনা যথাসময়ে প্রকাশ করতে হবে।	জনসংযোগ বিভাগ ও সংশ্লিষ্ট সকল বিভাগ।	
১৯.	বিএডিসি'র গবেষণা কার্যক্রম সংক্রান্ত।	সভায় বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর বিভাগিত আলোচনা করা হয়। বিএডিসি'র গবেষণা সেল হতে জানানো হয়, বিএডিসিতে রাজস্ব অর্থায়নে চলতি অর্থ বছরে ০৪টি গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি বিএডিসি'র গবেষণা কার্যক্রমকে জোরদার করার জন্য বিএডিসি'র সকল গবেষককে অনুরোধ করেন। সভাপতি বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য বিএডিসি'র গবেষণা সেলকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। বিএডিসি'র গবেষণা কার্যক্রমকে আরো গতিশীল ও ফলপ্রসূ করতে হবে।	প্রধান সমন্বয়ক, গবেষণা সেল, বিএডিসি।	
২০.	বিএডিসি কর্তৃক গৃহ নির্মাণ খণ্ড প্রদান সংক্রান্ত।	সভায় হিসাব বিভাগ হতে জানানো হয়, বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের গৃহ নির্মাণ খণ্ড প্রদানের বিষয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। সভাপতি বিএডিসিতে গৃহ নির্মাণ খণ্ড চালু করার জন্য হিসাব বিভাগ, অর্থ বিভাগ ও সংশ্লিষ্ট কমিটিকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসিতে গৃহ নির্মাণ খণ্ড চালু করার জন্য যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।	হিসাব বিভাগ, অর্থ বিভাগ ও সংশ্লিষ্ট কমিটি।	
২১.	কৃষি ভবনে বিভিন্ন শেষাব্দী	সভায় নির্মাণ বিভাগ হতে জানানো হয়, ইতোমধ্যে ৪	নিষ্পত্তি	-	

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিকান্ড	বাস্তবায়নকারী বিভাগ।
	অবস্থিত টয়লেটসমূহ সংস্কার সংক্রান্ত।	পর্যায়ক্রমে সকল ফোরের টয়লেটসমূহ সংস্কার/আধুনিককরণ করা হবে। ১০ম তলায় আইন বিভাগের উত্তর পার্শ্বের করিডোরে অবস্থিত টয়লেটটি মহিলাদের ব্যবহারের জন্য দেয়া হয়েছে। সভাপতি কৃষি ভবনে বিভিন্ন ফোরে অবস্থিত টয়লেটসমূহে প্রয়োজনীয় সংস্কারের বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখার জন্য নির্মাণ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।		
২২.	কৃষি ভবনের সম্মুখে গাড়ি পার্কিং সংক্রান্ত।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, সিকান্ড মোতাবেক কৃষি ভবনের সম্মুখে 'বিএডিসি'র লোগো সম্বলিত পার্কিং স্ট্যান্ড স্থাপন করা হয়েছে।	নিষ্পত্তি	-
২৩.	সংস্থার বিভিন্ন দপ্তর/বিভাগ/শাখা পরিদর্শন সংক্রান্ত।	সভায় সমন্বয় বিভাগ হতে জানানো হয়, মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা), মহাব্যবস্থাপক (উদ্যান), মহাব্যবস্থাপক (ক্রয়), প্রধান (পরিকল্পনা), যুগ্মসচিব (সংস্থাপন), যুগ্মসচিব (সাধারণ পরিচর্যা) মহোদয় কর্তৃক নিজ নিজ বিভাগের বিভিন্ন শাখা পরিদর্শন করা হয়েছে। সভাপতি স্ব স্ব উইং ও বিভাগীয় প্রধানগণকে নিয়মিত তাঁর দপ্তর/বিভাগ/শাখা পরিদর্শনের জন্য নির্দেশনা প্রদান করেন।	স্ব স্ব উইং ও বিভাগীয় প্রধানগণকে নিয়মিত তাঁর দপ্তর/বিভাগ/শাখা পরিদর্শন করতে হবে। দপ্তর/বিভাগ/শাখার সমস্যাসমূহ মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	সকল উইং ও বিভাগীয় প্রধান
২৪.	কৃষি ভবনের মসজিদ আধুনিকীরণ সংক্রান্ত।	নির্মাণ বিভাগ হতে সভায় জানানো হয়, কৃষি ভবনের মসজিদ আধুনিকীরণ এর নিমিত্ত একটি কমিটি গঠন করা হয়েছে। শীঘ্রই কমিটির সভা করা হয়েছে। সভাপতি কৃষি ভবনের মসজিদ ও মহিলা কর্মকর্তা/কর্মচারীদের নামাজের কক্ষটি আধুনিকীরণ/সংস্কার করার জন্য নির্মাণ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	ক. কৃষি ভবনের মসজিদ আধুনিকীরণ এর নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। খ. কৃষি ভবনে মহিলা কর্মকর্তা/কর্মচারীদের নামাজের কক্ষটি প্রয়োজনীয় সংস্কার করতে হবে।	নির্মাণ বিভাগ।
২৫	বিএডিসি'র চিঠিপত্রে স্থানীয় নাম ও পোষ্ট কোড লেখা সংক্রান্ত।	সভায় জনসংযোগ বিভাগ হতে জানানো হয়, এ বিষয়ে কার্যক্রম শুরু করা হয়েছে। সভাপতি বিএডিসি'র চিঠিপত্র মাঠ পর্যায়ে সহজে সরবরাহের নিমিত্ত স্থানীয় নাম ও পোষ্ট কোড লেখার জন্য সকল উইং, বিভাগ ও দপ্তরকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র চিঠিপত্র মাঠ পর্যায়ে সহজে সরবরাহের নিমিত্ত স্থানীয় নাম ও পোষ্ট কোড উল্লেখ করতে হবে।	সকল বিভাগ।
২৬	মোবাইল ফোন ও মোবাইলে ইন্টারনেট ব্যবহারের জন্য প্রাপ্য ভাতা উত্তোলন সংক্রান্ত।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, এ বিষয়ে ইতোমধ্যে অর্থ মন্ত্রণালয় হতে এ সংক্রান্ত পরিপত্র বিগত ২৬/০৬/২০১৮ তারিখে জারি করা হয়েছে। উক্ত পরিপত্র অনুযায়ী ৪৮ গ্রেড ও তদুর্ধৰ গ্রেডের সকল কর্মচারী মাসিক বেতন বিলের সাথে মোবাইল ভাতা প্রাপ্য হবেন। ৫ম গ্রেডের কর্মকর্তাদের সংস্থার নিজস্ব আয় হতে মোবাইল ভাতা প্রদানের বিষয়ে সিকান্ডের জন্য সংস্থার পরিচালনা পর্যদে উপস্থাপনের কার্যক্রম প্রতিয়াধীন। সভাপতি মোবাইল ফোন ও মোবাইলে ইন্টারনেট ব্যবহারের জন্য ভাতা প্রদানের বিষয়ে বিএডিসিতে	মোবাইল ফোন ও মোবাইলে ইন্টারনেট ব্যবহারের জন্য ভাতা প্রদানের বিষয়ে বিএডিসিতে প্রাথিকারভুক্ত কর্মকর্তা নির্ধারণপূর্বক পরবর্তী সাধারণ পরিচালনা পর্যদে সভায় উপস্থাপন করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিকান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
		প্রাধিকারভুক্ত কর্মকর্তা নির্ধারণপূর্বক পরিবর্তী পরিচালনা পর্যবেক্ষণ সভায় উপস্থাপনের জন্য সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ এবং অর্থ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।		
২৭.	বিএডিসি'র সার গুদামসমূহের ধারণক্ষমতা বৃক্ষি ও সার গুদামসমূহে জনবল পদায়ন সংক্রান্ত।	সভায় মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা) জামান যে, বিএডিসি'র বিভিন্ন সার গুদামে প্রকল্পের জনবল পদায়ন করা হয়েছিল। জুন ২০১৮ তারিখে প্রকল্পের মেয়াদকাল সমাপ্ত হয়েছে তাই উক্ত গুদামসমূহে বিএডিসি'র কাঠামোভুক্ত জনবল পদায়ন অথবা অভ্যন্তরীণ ব্যবস্থার মধ্যমে উক্ত গুদামসমূহে জনবল পদায়ন করা একান্ত প্রয়োজন। এছাড়া, মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা) বিএডিসি'র ওয়ারহাউস গুলো প্রয়োজনীয় সংস্কার/মেরামত করে ধারণ ক্ষমতা বৃক্ষির প্রস্তাব করেন। সভাপতি অভ্যন্তরীণ ব্যবস্থার মধ্যমে গুদামসমূহে জনবল পদায়নের জন্য সংস্থাপন বিভাগকে নির্দেশনা প্রদান করেন এবং বিএডিসি'র ওয়ারহাউস গুলো প্রয়োজনীয় সংস্কার/মেরামত এর নিমিত্ত কমিটি গঠনের জন্য প্রধান পরিকল্পনাকে নির্দেশনা প্রদান করেন।	ক. বিএডিসি'র সার গুদামসমূহে অভ্যন্তরীণ ব্যবস্থার মধ্যমে জনবল পদায়ন করতে হবে। খ. বিএডিসি'র ওয়ারহাউস গুলো প্রয়োজনীয় সংস্কার/মেরামত করে ধারণক্ষমতা বৃক্ষির নিমিত্ত কমিটি গঠন করতে হবে।	সংস্থাপন বিভাগ, পরিকল্পনা বিভাগ ও সার ব্যবস্থাপনা বিভাগ।

০২. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০০৫৫৫৫
৩০/০৮/১৮

মোঃ নাসিরুজ্জামান

চেয়ারম্যান, বিএডিসি

ও

সভাপতি

মাসিক সমষ্টয় সভা।